

তারিখ 04 FEB 1987 4
পৃষ্ঠা.....

3



বেসরকারী শিক্ষক
অনুদান প্রতি মাসে
দেয়া হবে

শিক্ষামন্ত্রী জনাব মহাবুবুর রহমান বলেছেন, চল্ল কোটির বেশী টাকা নিয়ে এ বছর বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের কল্যাণে একটি কল্যাণ ফন্ড প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি বলেন, বেসরকারী (৫-এর পৃঃ দঃ)

বেসরকারী শিক্ষক

১ম পৃঃ পত্র

শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক, কর্মচারী ও সরকারের যৌথ উদ্যোগে এ তহবিল গঠিত হবে। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী মঙ্গলবার ঢাকা শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে মিলনায়তনে ঢাকা শহরের বেসরকারী স্কুলের প্রধান শিক্ষক ও কলেজের অধ্যক্ষদের সমবেশে বক্তৃতাকালে এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, ত্রৈমাসিকের পরিবর্তে এপ্রিল মাস থেকে বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন খাতের সরকারী অনুদান নিয়মিতভাবে প্রত্যেক মাসে প্রদান করা হবে।

জনাব মহাবুবুর বলেন, রাষ্ট্রপতি এরশাদ কর্তৃক ঘোষিত বেসরকারী শিক্ষকদের বেতন খাতের সরকারী অনুদান শতকরা ৬০ থেকে ৭০ ভাগ বৃদ্ধি অবিলম্বে কার্যকরী হবে। তিনি বলেন, এ জন্য শিক্ষা খাতে বার্ষিক ব্যয়ের পরিমাণ ২৪ কোটি টাকা বৃদ্ধি পাবে।